গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মেট্রোঃথানা সমবায় কার্যালয়
বোয়ালিয়া,রাজশাহী

নম্বরঃ ৮৪ | তারিখ: ০৫-০৩-২০২৩ খ্রি.

অফিস আদেশ

সমবায় অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং ৪৭.৬১.০০০০.০৩১.৪২.০০৫.২১.১৫ তারিখ-২৭-০২-২০২৩ খ্রি. এর নির্দেশনা এবং মেট্রোঃথানা সমবায় কার্যালয়,বোয়ালিয়া, রাজশাহী এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী এ দপ্তরের ২০২২-২০২৩ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার আওতায় প্রাথমিক সমবায় সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটিতে প্রতিনিধি মনোনয়ন কার্যক্রমটি সেবা প্রদান প্রক্রিয়া সহজিকরণ(এপিএস) আইডিয়া হিসেবে গ্রহণ করা হয়েছে।

০২। সমবায় সমিতি আইন,২০০১ এর ১৮(৫)(৭) উপ-ধারা অনুযায়ী প্রাথমিক সমবায় সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন করার বিদ্যমান ৩৮টি ধাপ এসপিএস এর আওতায় কমিয়ে ১৩টি ধাপে বর্ণিত সেবা প্রদান করার প্রসেস ম্যাপ প্রস্তুত করা হয়েছে; যার মাধ্যমে সেবা গ্রহিতার TCV কম হবে এবং সেবা প্রাপ্তি সহজ হবে।

০৩। গৃহিত এসপিএস আইডিয়া বাস্তবায়নের লক্ষ্যে আগামী ০৭/০৩/২০২৩ খ্রি. তারিখ হতে প্রাথমিক সমবায় সমিতি কর্তৃক সমবায় সমিতি আইন,২০০১ এর ১৮(৫)(৭) উপ-ধারা অনুযায়ী প্রাথমিক সমবায় সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন এর প্রস্তাব সরাসরি মেট্রোঃথানা সমবায় অফিসার বরাবর প্রেরণ করা যাবে। আইডিয়াটি আগামী ০৭/০৩/২০২৩ খ্রি. তারিখ হতে বাস্তবায়ন করা হবে।

সংযুক্তিঃ এসপিএস আইডিয়া ও বাস্তবায়ন কৌশল সংক্রান্ত কাগজপত্র ১৩ পাতা ।

(মোছাঃ নাছিমা খাতুন)
মেট্রোঃথানা সমবায় অফিসার
বোয়ালিয়া,রাজশাহী ও
সভাপতি, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা,
২০২২-২৩ বাস্তবায়ন কমিটি

নম্বরঃ | তারিখ: ০৫-০৩-২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জেলা সমবায় অফিসার ,রাজশাহী;
২। যুগ্ম-নিবন্ধক,বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী ;
৩। যুগ্ম-নিবন্ধক,উৎপাদনমুখী শিল্প শাখা, সমবায় অধিদপ্তর ও দলনেতা, সেবা প্রদান প্রক্রিয়া সহজিকরণ মনিটরিং সেল;
৪। অতিরিক্ত নিবন্ধক, প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স অধিশাখা, সমবায় অধিদপ্তর, ঢাকা ও আহবায়ক, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, সমবায় অধিদপ্তর, ঢাকা ।

০৫/০৩/২৩

(মোছাঃ নাছিমা খাতুন)
মেট্রোঃথানা সমবায় অফিসার
বোয়ালিয়া,রাজশাহী ও
সভাপতি, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা,
২০২২-২৩ বাস্তবায়ন কমিটি